

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১১৩০/২০২২

তারিখ: ২৩ জুন ২০২২
৯ আষাঢ় ১৪২৯

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: আমানতের সুদ হার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

সুদ হার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১১১৯/২২, নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১০৮৪/২১ এবং নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ৮০৬/১৮ তারিখ যথাক্রমে ২৬.০৪.২০২২, ০২.১১.২০২১ এবং ২৯.০৩.২০১৮-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২. পরিচালনা পর্ষদের ২২.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত ৭২২তম সভার অনুমোদনক্রমে আমানতের সুদহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো:

ক্রম	আমানতের খাতসমূহ	পুনঃনির্ধারিত সুদহার
১	সঞ্চয়ী আমানত	২.৭৫%
২	Special Notice Deposit (SND)	
	১.০০ কোটির কম	২.৭৫%
	১.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ২৫.০০ কোটির কম	৩.০০%
	২৫.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৫০.০০ কোটির কম	৩.২৫%
	৫০.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ১০০.০০ কোটির কম	৩.৫০%
	১০০.০০ কোটি ও তদূর্ধ্ব	৪.০০%
৩	স্থায়ী আমানত:	
৩.ক	স্থায়ী আমানত (ব্যক্তি পর্যায়ে মেয়াদি আমানত এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড, অবসরোত্তর পাওনাসহ বিবিধ পাওনা পরিশোধের লক্ষ্যে গঠিত তহবিল বাবদ রক্ষিত যেকোন পরিমাণ)	
	৩ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৫.৮৫%
	৬ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৫.৯০%
	১ বছর এবং তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্ধ্ব নয়	৬.০০%
৩.খ	স্থায়ী আমানত (৩.ক. ব্যতীত অন্যান্য)	
	৩ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৫.৫০%
	৬ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৫.৭৫%
	১ বছর এবং তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্ধ্ব নয়	৬.০০%

পুনঃনির্ধারিত সুদহার ২৩ জুন ২০২২ তারিখ থেকে কার্যকর হবে। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয় কেস টু কেস ভিত্তিতে এসএনডি হিসাবের ক্ষেত্রে সুদহার ১.০০% পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন। স্থায়ী আমানতের সুদহার প্রদান বিষয়ে নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১১১৯/২২ তারিখ ২৬.০৪.২০২২ এর বিশেষ নির্দেশনা বহাল থাকবে। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জারি করা হলো।


২৩ জুন ২০২২
সুলতানা রাজিয়া
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


২৩ জুন ২০২২
শ্যামল কুমার সাহা
মহাব্যবস্থাপক